# রাষ্ট্রপতিকে অনেক আগেই বিদায় করা উচিত ছিল: এটিএম আজহারুল


এটিএম আজহারুল। ছবিঃ সংগৃহীত

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে আরও আগেই দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া উচিত ছিল বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির ও রংপুর-২ আসনের সংসদ সদস্য এ টি এম আজহারুল ইসলাম।

বৃহস্পতিবার (২৩ জুলাই) রংপুরের বদরগঞ্জে নিজ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ মন্তব্য করেন।

LENS ASIA

এ টি এম আজহারুল ইসলাম বলেন, মো. সাহাবুদ্দিনকে রাষ্ট্রপতির পদে রেখে দেওয়া বিএনপির জন্য বড় ধরনের ভুল সিদ্ধান্ত হতে পারে। এর প্রভাব দলটিকে ভবিষ্যতে বিভিন্নভাবে মোকাবিলা করতে হবে বলেও মন্তব্য করেন তিনি।

রাষ্ট্রপতিকে 'জুলাইবিরোধী' আখ্যা দিয়ে জামায়াতের এই নেতা বলেন, তাকে দ্রুত দায়িত্ব থেকে সরিয়ে আইনের আওতায় আনা প্রয়োজন। তার ভাষ্য, দেশের সর্বোচ্চ সাংবিধানিক পদে থাকা কোনো ব্যক্তিও জনগণের প্রত্যাশা ও সাংবিধানিক দায়িত্ব পালনে ব্যর্থ হলে জবাবদিহির বাইরে থাকতে পারেন না।

জুলাই গণভোটের প্রসঙ্গে তিনি বলেন, জনগণের দেওয়া রায় বাস্তবায়নে সরকারের আর কোনো ধরনের বিলম্ব করা উচিত নয়। জনগণের মতামত উপেক্ষা করে রাষ্ট্র পরিচালনা করা হলে এর রাজনৈতিক পরিণতির দায় সরকারকেই নিতে হবে।

তিনি আরও বলেন, গণভোটের রায় দ্রুত বাস্তবায়ন করা না হলে জাতীয় সংসদের ভেতরে সাংবিধানিক পদ্ধতিতে এবং সংসদের বাইরে জনগণকে সঙ্গে নিয়ে গণতান্ত্রিক আন্দোলন গড়ে তোলা হবে।

বিএনপি সরকারের সমালোচনা করে এ টি এম আজহারুল ইসলাম বলেন, স্বৈরাচারী শাসনের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে মানুষ আন্দোলন করেছে। কিন্তু বর্তমান সরকারের বিভিন্ন কর্মকাণ্ডে জনগণের মধ্যে নতুন করে হতাশা তৈরি হচ্ছে। তার অভিযোগ, বিরোধী মত দমন, রাজনৈতিক আচরণ এবং রাষ্ট্র পরিচালনায় এককেন্দ্রিকতার ক্ষেত্রে বিএনপি ধীরে ধীরে আগের ফ্যাসিবাদী শাসনের পথেই এগোচ্ছে।

মতবিনিময় সভায় জামায়াতে ইসলামীর স্থানীয় নেতাকর্মী, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিসহ স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।